# ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি প্রকাশ



সংগৃহীত ছবি

২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। আগামী বছরের ১৪ মার্চ বাংলা (আবশ্যিক) প্রথম পত্রের পরীক্ষার মাধ্যমে তত্ত্বীয় পরীক্ষা শুরু হবে। লিখিত অংশের পরীক্ষা শেষ হবে ১৫ এপ্রিল।

তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার পর ২২ এপ্রিলের মধ্যে সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যেই ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি আগামী বছরের এসএসসি ও সমমান পরীক্ষার সূচি চূড়ান্ত করে। পরে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এতে অনুমোদন দেয়।

LENS ASIA

এর আগে ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষা জানুয়ারিতে নেওয়ার পরিকল্পনার কথা জানিয়েছিলেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। বিষয়টি সামনে আসার পর শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাবিদদের মধ্যে আলোচনা-সমালোচনা শুরু হয়।

পরে গত ২ জুন সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শিক্ষামন্ত্রী বলেন, বিভিন্ন অংশীজনের মতামত বিবেচনা করে প্রয়োজনে এসএসসি ও সমমান পরীক্ষা শুরুর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হতে পারে।

এর ধারাবাহিকতায় পবিত্র রমজান ও ঈদুল ফিতরের সময়সূচি বিবেচনায় নিয়ে পরীক্ষা মার্চে শুরুর সিদ্ধান্ত নেওয়া হয়। নতুন সূচি অনুযায়ী ১৪ মার্চ থেকে তত্ত্বীয় পরীক্ষা শুরু হয়ে ১৫ এপ্রিল শেষ হবে।